ইত্তেফাক

014

তারিখ ... 4.12.79 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... 7 ...

## প্রসঙ্গ ঃ খাল কাটা

খাল কাটার উপরে লুব্ধকের লেখা পড়িলাম। রংপুরের নরুনী, বোকরা, বকদলা প্রভৃতি খাল ও বিল সম্পর্কে এবং বিশেষতঃ মরানদী "হল্লাই" সম্পর্কে তাঁর বক্তব্যের সাথে আমি একমত। শুনিতে পাইতেছি, সরকারের তরফ হইতে এবারে রংপুরের আঁকরা খালকে খননের জন্য গ্রহণ করা হইয়াছে। উল্লেখ্য যে, আঁকরা নাব্য খাল। সব সময়ই কিছু না কিছু পানি থাকে—স্রোত চলে। এটাকে গভীরভাবে খুঁড়ে দেওয়া যাইতে পারে বটে, কিন্তু খাল কাটার মধ্য দিয়া যে বিপ্লব সরকার করিতে চান, আঁকরার খাল তার মধ্যে পড়ে না। কেননা, আঁকরা খাল খননের কাজকে বড়জোর পুনঃখনন বা সংস্কারকার্য হিসাবে গ্রহণ করা যাইতে পারে। খাল যদি কাটিতেই হয়—নতুন খাল কাটিতে হইবে। অনাব্য খালকে নাব্য করিতে হইবে। নতুবা চালু খাল কিছু সংস্কার করিয়া নতুন কাটা খালের নামে অর্থ, সময় ও শ্রমের অপচয় হইবেমাত্র। স্থানীয় জনগণের সাথে আলাপ করিলেই বুঝা যাইবে, আঁকরা খাল খননের চাইতে আঁকরা নদীর পুল মেরামত অনেক জরুরী।

—মোহাম্মদ রহমতুল্লাহ, রংপুর।